দৈনিক ইত্তেফাক

তারিখ 20 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

10

# ছাত্রদলের দুই গ্রুপে সংঘর্ষ ॥ চট্টগ্রাম পলিটেকনিকে ১ জন গুলীবিদ্ধ

চট্টগ্রাম অফিস ॥ গতকাল বুধবার সকালে নাসিরাবাদস্থ চট্টগ্রাম পলিটেকনিক ইনষ্টিটিউটে জাতীয়তাবাদী ছাত্রদলের দুইগ্রুপে সংঘর্ষে গোলাগুলী ও বোমাবাজির ঘটনায় আহসানুল করিম বাবলু নামে ১জন ছাত্রদল কর্মী গুলীবিদ্ধ হয়। তাহাকে গুরুতর অবস্থায় নগরীর একটি ক্লিনিকে ভর্তি করা হইয়াছে।

ছাত্রদলের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয় যে, গতকাল সকালে দ্বিতীয় দিনের মতো পলিটেকনিক ইনষ্টিটিউট ক্যাম্পাস

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম পলিটেকনিকে

(১ম পৃঃ পর)

দখলের চেষ্টায় আকস্মিকভাবে একদল সন্ত্রাসী বোমাবাজি ও গোলাগুলী শুরু করে। ইহাতে ছাত্রদল কর্মী বাবলু গুলীবিদ্ধ হয়। পরে সাধারণ ছাত্রদের প্রতিরোধের মুখে হামলাকারীরা পালাইয়া যায়। প্রেস বিজ্ঞপ্তিতে আরো জানানো হয় যে, হামলাকারীরা ছাত্রদলের কুলশী আবাসিক এলাকাস্থ একটি মেসেও হামলা ও লুন্ঠন চালায়।

এসকল ঘটনার প্রতিবাদে গতকাল ছাত্রদল কোতোয়ালী ও ডবলমুরিং থানা শাখার উদ্যোগে পৃথক পৃথক বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

SHEETS